৫৭

আজকের কাগজ

তারিখ ... 13 JAN 1994
পৃষ্ঠা ৪ কলাম ২

## এসএসসি পরীক্ষার নিয়ম পরিবর্তন প্রসঙ্গে

আসন্ন এসএসসি পরীক্ষার জন্যে পরীক্ষার্থীদের নির্দেশ দেয়া হয়েছে, তারা যেন প্রত্যেক পরীক্ষার খাতায় কম্পিউটারের পদ্ধতিতে রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর, বিষয় কোড, সেট কোড ইত্যাদি শুদ্ধ করে লিখে। উল্লিখিত নির্দেশাবলীর একটি বিষয়ের যে কোনো একটি সংখ্যা যদি ভুলবশত বাদ পড়ে তাহলে পরীক্ষার খাতায় যতো ভালো পরীক্ষাই দেয়া হোক না কেন তার কোনো মূল্য থাকবে না।

শিক্ষা বোর্ড আরও জানিয়েছে, ১৯৯৪ সালের এসএসসি পরীক্ষার নৈর্ব্যক্তিক খাতা গত দু'বছর থেকে সম্পূর্ণ আলাদা হবে। ১৯৯৪ সালে একটি প্রশ্নপত্র থাকবে আর একটি উত্তরপত্র থাকবে পরীক্ষার্থীদের প্রশ্নপত্র পড়ে সেখান থেকে উত্তর বাছাই করে উত্তরপত্রে দাগাঙ্কিত করতে হবে।

আমরা মনে করি, এতে অধিকাংশ ছাত্র-ছাত্রী ভুল করবে এবং হয়রানির শিকার হবে। ভুল হওয়াটা স্বাভাবিক এই জন্যে যে, ছাত্র-ছাত্রীরা গত দু'বছর যাবত পূর্বের নিয়মে পরীক্ষা দিয়ে আসছে। এমনকি ছাত্র-ছাত্রীরা নির্বাচনী পর্যন্ত কম্পিউটার নিয়মে দেয়নি। কাজেই আমরা (অভিভাবকগণ) মনে করি হঠাৎ একটি নতুন নিয়ম পরীক্ষার্থীদের উপর চাপিয়ে দেয়া হলে পরীক্ষার্থীদের অমঙ্গল হওয়ার সম্ভাবনাই বেশি। আমরা ছাত্র-ছাত্রীদের ভাল ফলাফল আশা করি। তাই মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে আকুল আবেদন আসন্ন এসএসসি পরীক্ষা যেন পূর্বের নিয়মে অর্থাৎ গত দু'বছরের নিয়মে অনুষ্ঠিত হয়। এতে আমাদের ছাত্রছাত্রীরা ভাল ফলাফল করবে বলে আমাদের বিশ্বাস।

আঃ মান্নান মিয়াজী, শেফু, পান্না, আইরিন হিরা, শিখা
উত্তর ইচলী, চাঁদপুর

SHEET —— OF —— SHEETS